

নং- এসইসি/সিএমআরআরসি/২০০১-৪৩/৫২

জুলাই ২২, ২০১০ইং

আদেশ

সিকিউরিটি ও এক্সচেঞ্জ কমিশন, সিকিউরিটি ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর বিধি ৩৬ মোতাবেক তফসিলে উল্লিখিত মার্জিন খণ্ড প্রদান সংক্রান্ত নির্দেশনা নং ৬(১) এ প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা মার্চেন্ট ব্যাংকার (পোর্টফোলিও ম্যানেজার) কর্তৃক উহার ব্যক্তি শ্রেণীর মক্কেলদেরকে বিতরণযোগ্য মার্জিন খণ্ডের নিম্নোক্ত সীমা নির্ধারণ করিল, যথা:-

১। কোন ব্যক্তি বা তাহার স্বামী/স্ত্রী বা তাহাদের উপর নির্ভরশীল ব্যক্তিকে একক বা যৌথভাবে সম্মিলিতভাবে সর্বোচ্চ ১০ (দশ) কোটি টাকা পর্যন্ত মার্জিন খণ্ড প্রদান করা যাইবে।

২। কোন মার্চেন্ট ব্যাংকার (পোর্টফোলিও ম্যানেজার) উহার কোন পরিচালক বা তাহার স্বামী/স্ত্রী বা তাহাদের উপর নির্ভরশীল কোন ব্যক্তিকে মার্জিন খণ্ড প্রদান করিতে পারিবে না।

তবে, বর্তমানে যে সকল মার্চেন্ট ব্যাংকার (পোর্টফোলিও ম্যানেজার) ক্রমিক নং-১ এ উল্লিখিত গ্রাহকদেরকে উপর্যুক্ত সীমার অধিক খণ্ড প্রদান করিয়াছে কিংবা ক্রমিক নং-২ এ উল্লিখিত ব্যক্তিদেরকে খণ্ড প্রদান করিয়াছে তাহারা উক্ত খণ্ড আগামী আগস্ট ৩১, ২০১০ইং তারিখের মধ্যে সমন্বয় পূর্বক অত্র আদেশ বাস্তবায়ন করিবে।

এই আদেশ জুলাই ২৫, ২০১০ইং তারিখ হইতে কার্যকর হইবে।

সিকিউরিটি ও এক্সচেঞ্জ কমিশনের পক্ষে

মোঃ জিয়াউল হক খোন্দকার
চেয়ারম্যান।